

Prime Minister Shri Narendra Modi and Prime Minister of Australia H.E. Mr. Scott Morrison hold 2nd India Australia Virtual Summit

March 21, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী মি. স্কট মরিসন ভারত - অস্ট্রেলিয়া দ্বিতীয় ভার্চুয়াল শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করেছেন

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী মি. স্কট মরিসন আজ ভারত - অস্ট্রেলিয়া দ্বিতীয় ভার্চুয়াল শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করেছেন। সম্মেলনে তাঁরা উভয় দেশের মধ্যে বহুস্তরীয় সম্পর্কের পর্যালোচনা করেছেন এবং আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয় নিয়ে মতবিনিময় করেছেন। সম্মেলনে নিউ সাউথ ওয়েলথ ও কুইন্সল্যান্ডে প্রবল বন্যায় বিপুল ক্ষয়ক্ষতি ও প্রাণহানির ঘটনায় প্রধানমন্ত্রী তাঁর সমবেদনা জানিয়েছেন।

২০২০র জুন মাসে প্রথম ভার্চুয়াল শীর্ষ সম্মেলনে উভয় দেশের মধ্যে সর্বাঙ্গীন কৌশলগত অংশীদারিত্ব গড়ে তোলা হয়। সংশ্লিষ্ট ক্ষেত্রে অগ্রগতির বিষয়ে উভয় নেতা সন্তোষ প্রকাশ করেছেন। ব্যবসা - বাণিজ্য ও বিনিয়োগ, প্রতিরক্ষা ও নিরাপত্তা, শিক্ষা ও উদ্ভাবন, বিজ্ঞান ও প্রযুক্তি, গুরুত্বপূর্ণ খনিজ পদার্থ, জল ব্যবস্থাপনা, নতুন ও পুনর্নবিকরণযোগ্য জ্বালানী সংক্রান্ত প্রযুক্তি, কোভিড - ১৯ সংক্রান্ত গবেষণা ইত্যাদি বিভিন্ন বিষয়ে দুই দেশের মধ্যে সম্পর্কের প্রসার ঘটায় প্রধানমন্ত্রী সন্তোষ প্রকাশ করেছেন।

২৯টি প্রাচীন শিল্প নিদর্শন ভারতকে ফেরৎ দেওয়ায় প্রধানমন্ত্রী, অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন। এই শিল্পকলাগুলির মধ্যে রয়েছে, ভাস্কর্য, হাতে আঁকা ছবি, ফটোগ্রাফ। এগুলির মধ্যে কয়েকটি নবম ও দশম শতাব্দীর শিল্পকীর্তি। এর মধ্যে উল্লেখযোগ্য দ্বাদশ শতাব্দীতে চোল যুগের ব্রোঞ্জের পুরাকীর্তি, একাদশ ও দ্বাদশ শতাব্দীর রাজস্থানের জৈন ভাস্কর্য, গুজরাটের দ্বাদশ - ত্রয়োদশ শতাব্দীর বেলেপাথরে তৈরি দেবী মহিষাসুরমর্দিনী, অষ্টাদশ - উনবিংশতি শতাব্দীর হাতে আঁকা ছবি এবং জিলেটিন সিলভার ফটোগ্রাফ।

কোভিড - ১৯ মহামারীর সময় অস্ট্রেলিয়ায় বসবাসরত ভারতীয় সম্প্রদায়- বিশেষত ভারতীয় ছাত্রছাত্রীদের প্রতি যত্ন নেওয়ায় প্রধানমন্ত্রী অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন। দুটি গণতান্ত্রিক দেশের মধ্যে কৌশলগত অংশীদারিত্ব বৃদ্ধি পাওয়ায় উভয় নেতা সন্তোষ প্রকাশ করেছেন। মুক্ত, সমন্বিত ও সমৃদ্ধ ভারত - প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে দুই দেশের অভিন্ন স্বার্থ ও মূল্যবোধের জন্য এই সম্পর্ক আরো দৃঢ় হয়েছে।

সর্বাঙ্গীন কৌশলগত অংশীদারিত্ব আরো শক্তিশালী হওয়ার ফলে এর প্রভাবের বিষয়ের উপর একটি যৌথ বিবৃতি প্রকাশ করা হয়। দ্বিপাক্ষিক সম্পর্ককে বিশেষ মাত্রা দিতে সর্বাঙ্গীন কৌশলগত অংশীদারিত্বের আওতায় দুই প্রধানমন্ত্রী প্রতি বছর শীর্ষ সম্মেলন করার সিদ্ধান্ত নিয়েছেন।

নতুন দিল্লী

মার্চ 21, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.